Question 1

বাংলাদেশের আদিম অধিবাসীদের মধ্যে প্রাচীন জাতি কোনটি?

A অস্ট্রিক ✔

B দ্রাবিড়

C মঙ্গল

D নর্ডিক

**Solution:**

বাংলাদেশের আদি অধিবাসীদের মধ্যে প্রাচীন হলো অস্ট্রিক। তারপর যথাক্রমে আসে দ্রাবিড়, মঙ্গল বা ভোটচীনীয়, আর্য বা নর্ডিক।

Question 2

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি?

A ময়নামতি

Question 2

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি?

A ময়নামতি

B পাহাড়পুর

C মহাস্থানগড় ✔

D সোনারগাঁও

**Solution:**

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র মহাস্থানগড়। আজ থেকে প্রায় ২৫০০ বছর পূর্বে এটি অত্র অঞ্চলের বিখ্যাত শহর ও বাণিজ্যিক কেন্দ্র হিসেবে পরিচিত ছিল। ১৮৭৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম এ নগর সভ্যতার ধ্বংসাবশেষ শনাক্ত করেন। কুমিল্লার ময়নামতিতে শালবন বিহার অবস্থিত। নওগাঁর পাহাড়পুরে সোমপুর বিহার অবস্থিত।

Question 3

Question 4

কোন লেখকের লেখনীতে সর্বপ্রথম 'বাংলা' শব্দটি উঠে আসে?

A সন্ধ্যাকর নন্দী

B শামস-ই-সিরাজ

C বাবর

D আবুল ফজল ✔

**Solution:**

সম্রাট আকবরের পৃষ্ঠপোষকতায় আবুল ফজল রচনা করেন আইন-ই-আকবরী গ্রন্থ। এই গ্রন্থে সর্বপ্রথম বাংলা শব্দটি ব্যবহৃত হয়। বাবর ছিলেন মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তুযুক-ই-বাবর তার আত্মজীবনীমূলক গ্রন্থ। রামচরিত রচনা করেন- সন্ধ্যাকর নন্দী।

Question 5

Question 5

দিল্লী সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন?

A কুতুবউদ্দিন আইবেক

B ইলতুৎমিশ ✔

C সুলতানা রাজিয়া

D গিয়াসউদ্দিন বলবন

**Solution:**

আইবেক শব্দের অর্থ দাস। দাস বংশের শাসনামল (১২০৬-১২৯০) সাল। কুতুবউদ্দিন আইবেক দিল্লী সালতানাতের প্রতিষ্ঠাতা। তবে ইলতুৎমিশ সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা। ইলতুৎমিশের কন্যা সুলতানা রাজিয়া (১২৩৬-৪০)। তিনি দিল্লীর সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলিম নারী।

Question 6

মৌর্য ও গুপ্ত বংশের রাজধানী কোথায়

Question 6

মৌর্য ও গুপ্ত বংশের রাজধানী কোথায় ছিল?

A গৌড়ে

B ময়নামতিতে

C মহাস্থানগড়ে ✔

D সোনারগাঁওয়ে

**Solution:**

মৌর্য ও গুপ্ত বংশের রাজধানী ছিলো মহাস্থানগড়ে। এছাড়াও সেখানে রয়েছে বিখ্যাত পুরাকীর্তি- ভাসু বিহার, বৈরাগীর ভিটা, গোবিন্দ ভিটা ও খোদার পাথর ভিটা।

Question 7

প্রাচীন ভারতের নেপোলিয়ান বলা হতো কাকে?

A ১ম চন্দ্রগুপ্ত

2:35 47%



Question 7

প্রাচীন ভারতের নেপোলিয়ান বলা হতো কাকে?

A ১ম চন্দ্রগুপ্ত

B ২য় চন্দ্রগুপ্ত

C সমুদ্রগুপ্ত ✔

D বিক্রমাদিত্য

**Solution:**

গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন সমুদ্রগুপ্ত। তাকে প্রাচীন ভারতের নেপোলিয়ান বলা হতো। ২য় চন্দ্রগুপ্তের উপাধি- বিক্রমাদিত্য।

Question 8

চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিলেন-

A মেগাস্থিনিস

Question 8

চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিলেন-

A মেগাস্থিনিস

B কৌটিল্য ✔

C সঞ্চারা

D বরাহমিহির

**Solution:**

চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিলেন চাণক্য; যার ছদ্ম নাম কৌটিল্য। চাণক্য ছিলেন অর্থশাস্ত্রবীদ। রাষ্ট্রশাসন ও কূটনীতি কৌশল এর সার সংক্ষেপ ‘অর্থশাস্ত্রের’ রচয়িতা চাণক্য।
মেগাস্থিনিস- চন্দ্রগুপ্ত মৌর্যের রাজ সভার গ্রীক দূত।
সঞ্চারা- মৌর্য যুগের গুপ্তচরদের এই নামে ডাকা হতো।

Question 9

2:37 47%
ie.uttoron.academy 18
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 9

উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয় কার শাসনামলে?

A চন্দ্রগুপ্ত মৌর্য

B সম্রাট অশোক ✔

C প্রথম চন্দ্রগুপ্ত

D সমুদ্রগুপ্ত

**Solution:**

উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয় সম্রাট অশোকের রাজত্বকালে। অঞ্চলটি মৌর্যদের প্রদেশে পরিণত হয়। প্রাচীন পুন্ড্রনগর এ প্রদেশের রাজধানী। চন্দ্রগুপ্ত মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা- ১ম চন্দ্রগুপ্ত, গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা- সমুদ্রগুপ্ত।

Question 10

2:39 0.28 KB/s 47%



Question 10

সুলতান মাহমুদ কত বার ভারত আক্রমণ করেন?

A ১৫

B ১৬

C ১৭ ✔

D ১৮

**Solution:**
মুহাম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের প্রায় ৩০০ বছর পর গজনীর সুলতান মাহমুদ ১০০০-১০২৭ সাল পর্যন্ত উপমহাদেশের পশ্চিমাঞ্চলে ১৭ বার অভিযান পরিচালনা করেন।

Question 11

ঐতিহাসিক ‘পানিপথ’ ভারতের কোন রাজ্যে অবস্থিত?

A পাঞ্জাব

Question 11

ঐতিহাসিক ‘পানিপথ’ ভারতের কোন রাজ্যে অবস্থিত?

A পাঞ্জাব

B মধ্যপ্রদেশ

C পশ্চিমবঙ্গ

D হরিয়ানা ✓

**Solution:**

পানিপথ উত্তর পশ্চিম ভারতের হরিয়ানা রাজ্যের পানিপথ জেলার একটি শহর। দিল্লী থেকে এর দূরত্ব ৯০ কি.মি। এখানে তিনটি যুদ্ধ সংগঠিত হয়। বর্তমানে এটি একটি শিল্প নগরী ও তাঁত শিল্পের জন্য বিখ্যাত।

Question 12

সেন বংশের প্রতিষ্ঠাতা রাজা কে

Question 12

## সেন বংশের প্রতিষ্ঠাতা রাজা কে ছিলেন?

A হেমন্ত সেন ✓

B বিজয় সেন

C বল্লাল সেন

D লক্ষ্মণ সেন

**Solution:**

হেমন্ত সেন-সেন বংশের প্রথম রাজা ও প্রতিষ্ঠাতা। বিজয় সেন-সেন বংশের প্রথম স্বাধীন রাজা। বল্লাল সেন-কৌলিণ্য প্রথার প্রবর্তক।

Question 13

## কোন সম্রাটের শাসনামলে বাংলায় মুঘল কর্তৃত্বের সূচনা হয়?

A বাবর

Question 13

কোন সম্রাটের শাসনামলে বাংলায় মুঘল কর্তৃত্বের সূচনা হয়?

A বাবর

B আকবর ✓

C জাহাঙ্গীর

D শাহজাহান

**Solution:**

মুঘল সম্রাট আকবর ১৫৭৬ সালে বাংলা জয় করেন। এই জয়ের মাধ্যমে বাংলায় মুঘল কর্তৃত্বের সূচনা হয়। তিনি বাংলা জয় করলেও সারা বাংলায় মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত হয়নি। সম্রাট জাহাঙ্গীর বাংলায় মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত করেন। শাহজাহানকে Prince of builders বলা হয়।

Question 14

ইবনে বতুতা কার রাজত্বকালে বাংলাতে এসেছিলেন?

2:41 46%
ıe.uttoron.academy 18
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 14

ইবনে বতুতা কার রাজত্বকালে বাংলাতে এসেছিলেন?

A ফখরুদ্দীন মুবারক শাহ ✔

B সিকান্দার শাহ

C গিয়াসউদ্দীন আজম শাহ

D মুহাম্মাদ বিন তুঘলক

**Solution:**

মরক্কোর বিখ্যাত পর্যটক ইবনে বতুতা ভারতে আসেন ১৩৩৪ সালে। বাংলায় ইবনে বতুতার আগমন ঘটে ফখরুদ্দীন মুবারক শাহের রাজত্বকালে (১৩৩৪-৪৬ খ্রিস্টাব্দে)।

Question 15

ঢাকার ‘ধোলাই খাল’ খনন করেন-

A মীর জুমলা

2:42 0.41 KB/s 46%
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 15

ঢাকার 'ধোলাই খাল' খনন করেন-

A মীর জুমলা

B ইসলাম খান ✔

C শায়েস্তা খান

D ঈশা খান

**Solution:**

বাংলার প্রথম মুঘল সুবাদার ইসলাম খান 'ধোলাই খাল' খনন করেন। খালটি শহরকে সুরক্ষার পাশাপাশি অভ্যন্তরীণ নৌ যোগাযোগের সুবিধা প্রদানের উদ্দেশ্যে খনন করা হয়। ফরাশগঞ্জ ও গেন্ডারিয়াকে বিভক্তকারী এ খাল একদা বালু নদীর ঢাল হিসেবে চিহ্নিত ছিল। খালটি ডেমরার কাছে নদী থেকে পৃথক হয় এবং ঢাকার মধ্য দিয়ে দক্ষিণ-পশ্চিমে মিল ব্যারাকের কাছে বুড়িগঙ্গার সঙ্গে মিলিত হয়।

Question 16

Question 16

কৌলিন্য প্রথার প্রর্বতক ছিলেন কে?

A হেমন্ত সেন

B বিজয় সেন

C বল্লাল সেন ✓

D লক্ষন সেন

**Solution:**

সামন্ত সেন-সেন বংশের প্রথম রাজা ও প্রতিষ্ঠাতা। বিজয় সেন-সেন বংশের প্রথম স্বাধীন রাজা। বল্লাল সেন-কৌলিণ্য প্রথার প্রবর্তক। লক্ষন সেন-সেন বংশের শেষ রাজা। উল্লেখ্য, লক্ষন সেনের পর তার পুত্র বিশ্বরূপ সেন ও সর্বশেষ কেশব সেন ১২২৫-১২৩০ সাল পর্যন্ত রাজা হিসেবে থাকেন। এ হিসাবে সেন বংশের শেষ রাজা কেশব সেন।

Question 17

Question 17

## শীলভদ্র কার শিক্ষাগুরু ছিলেন?

A আলেকজান্ডার

B হিউয়েন সাং ✔

C ইবনে বতুতা

D ফা-হিয়েন

**Solution:**
হর্ষবর্ধনের রাজত্বকালে ৬৩০ খ্রিষ্টাব্দে চীনা বৌদ্ধ পণ্ডিত হিউয়েন সাং ভারত সফরে আসেন। তিনি নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ শীলভদ্রের কাছে বৌদ্ধধর্ম শাস্ত্র অধ্যয়ন করেন। এরপর তিনি 'সিদ্ধি' নামে একটি গ্রন্থ রচনা করেন।

Question 18

## তানসেন কোন সম্রাটের সঙ্গীতজ্ঞ ছিলেন?

A সম্রাট শাহজাহান

Question 18

তানসেন কোন সম্রাটের সঙ্গীতজ্ঞ ছিলেন?

A সম্রাট শাহজাহান

B সম্রাট আকবর ✔

C সম্রাট আওরঙ্গজেব

D সম্রাট জাহাঙ্গীর

**Solution:**

মিয়া তানসেন প্রায় সকল বিশেষজ্ঞের ধারণা মতে উত্তর ভারতের সর্বকালের সর্বশ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞ। বর্তমানে আমরা যে হিন্দুস্তানী উচ্চাঙ্গ সঙ্গীতের সাথে পরিচিত তার মূল স্রষ্টা হলেন এই তানসেন। তিনি মুঘল বাদশাহ আকবরের রাজদরবারের নবরত্নের মধ্যে অন্যতম ছিলেন। তাকে সঙ্গীত সম্রাট নামে ডাকা হয়।

Question 19

সম্রাট নামে ডাকা হয়।

Question 19

## কোনটি জিয়াউদ্দিন বারানি রচিত গ্রন্থ?

(A) তারিখ-ই-মুবারকশাহী

(B) সিরাত-ই-ফিরোজশাহী

(C) তারিখ-ই-ফিরোজশাহী ✔

(D) রিয়াজুস সালাতিন

**Solution:**

জিয়াউদ্দিন বারানি (১২৮৫-১৩৫৭) ছিলেন সুলতান মোহাম্মদ বিন তুঘলক ও ফিরোজ শাহ তুঘলকের সময় দিল্লি সালতানাতের একজন মুসলিম ইতিহাসবিদ ও রাজনৈতিক চিন্তাবিদ। তার রচিত তারিখ-ই-ফিরোজশাহী বইটির জন্য তিনি অধিক পরিচিত।

2:43 46%



Question 20

প্রাচীন বাংলার ইতিহাসে সেলিউকাস কে ছিলেন?

A রাজা ২য় ফিলিপসের সেনাপতি

B আলেকজান্ডারের সেনাপতি ✔

C চন্দ্রগুপ্ত মৌর্যের সেনাপতি

D কোনটিই নয়

**Solution:**

চন্দ্রগুপ্ত মৌর্য আলেকজান্ডারের সেনাপতি সেলিউকাসকে পরাজিত করে গ্রীকদের এদেশ হতে বিতাড়িত করেন। রাজা ২য় ফিলিপস ছিলেন আলেকজান্ডারের পিতা। মেগাস্থিনিস ছিলেন প্রাচীন গ্রীসের একজন পরিব্রাজক। সেলিউকাস খ্রিষ্টপূর্ব ৩০২ অব্দে মেগাস্থিনিসকে দূত হিসেবে চন্দ্রগুপ্ত মৌর্যের রাজদরবারে প্রেরণ করেন।

Question 21

Question 21

ভারতীয় উপমহাদেশে ডাক ব্যবস্থার প্রবর্তক কে?

A শেরশাহ ✓

B লর্ড ক্লাইভ

C আকবর

D বাবর

**Solution:**

ভারতীয় উপমহাদেশে ডাক ব্যবস্থার প্রবর্তক শেরশাহ। তার প্রকৃত নাম ফরিদ খান। লর্ড ক্লাইভ দ্বৈত ব্যবস্থার প্রবর্তক। আকবর 'দীন-ই-ইলাহী' নামক একেশ্বরবাদী ধর্ম মতের প্রবর্তন করেন। সম্রাট বাবর মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

Question 22

কার শাসনামলে বৈষ্ণব আন্দোলনের

Question 22

## কার শাসনামলে বৈষ্ণব আন্দোলনের সূত্রপাত হয়?

A ফখরুদ্দিন মোবারক শাহ

B শামসুদ্দিন ইলিয়াস শাহ

C গিয়াসউদ্দিন আজম শাহ

D আলাউদ্দিন হুসেন শাহ ✔

**Solution:**

আলাউদ্দিন হুসেন শাহের রাজত্বকালে শ্রীচৈতন্য হিন্দু সমাজে প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে নদীয়ায় বৈষ্ণব আন্দোলন গড়ে তোলেন। তিনি বৈষ্ণব ধর্মেরও প্রচার করেন। বৈষ্ণব আন্দোলনের কেন্দ্র ছিল বৃন্দাবন।

Question 23

## পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় কবে?

Question 23

পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় কবে?

A ১৫২৬

B ১৭৬১

C ১৫৫৬ ✓

D ১৫৬৬

**Solution:**

পানি পথের ১ম যুদ্ধ: বাবর বনাম ইব্রাহিম লোদী (সময়কাল-১৫২৬)।
পানি পথের ২য় যুদ্ধ: আকবর সেনাপতি বৈরাম খান বনাম আফগান নেতা হিমু (সময়কাল-১৫৫৬)।
পানি পথের ৩য় যুদ্ধ: আহমদ শাহ আবদালি বনাম মারাঠা (সময়কাল-১৭৬১)।

Question 24

কোন শাসক দিল্লি থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তর করেন?

Question 25

## কোনটি মোঘল আমলের স্থাপত্য কীর্তি?

A আদিনা মসজিদ

B লালবাগ শাহী মসজিদ ✔

C সোনা মসজিদ

D কার্জন হল

**Solution:**

লালবাগ শাহী মসজিদ ঢাকার লালবাগ কেল্লার সন্নিহিত স্থানে অবস্থিত। মসজিদটি নির্মাণ করা হয় ১৭০৩ খ্রিস্টাব্দে। তৎকালীন ঢাকার উপ-শাসক সম্রাট আওরঙ্গজেবের প্রপৌত্র ফর্‌রুখশিয়রের পৃষ্ঠপোষকতায় মসজিদটি নির্মিত হয়।

Question 26

## বাংলার ইতিহাসে বর্তমান সিলেট অঞ্চলের রাজা ছিলেন -

Question 26

বাংলার ইতিহাসে বর্তমান সিলেট অঞ্চলের রাজা ছিলেন -

A শামসুদ্দিন ফিরোজ শাহ

B গৌর গোবিন্দ ✔

C মদন পাল

D বল্লাল সেন

**Solution:**

গৌর গোবিন্দ সিলেট অঞ্চলের রাজা ছিলেন। হযরত শাহজালাল শামসুদ্দিন ফিরোজ শাহ এর সৈন্যদের সঙ্গে নিয়ে গৌর গোবিন্দের বিরুদ্ধে যুদ্ধ করেন। গৌর গোবিন্দ পরাজিত হয়ে সিলেট ত্যাগ করে। সিলেটে হযরত শাহজালাল ইসলাম ধর্মের বিস্তার ঘটান।

Question 27

'সত্যপীরের ভিটা' কোথায় অবস্থিত?

‘সত্যপীরের ভিটা’ কোথায় অবস্থিত?

A সোমপুর বিহার, নওগাঁ ✓

B পুঠিয়া, রাজশাহী

C ময়নামতি বিহার, কুমিল্লা

D আনন্দ বিহার, কুমিল্লা

**Solution:**

সত্যপীরের ভিটা বাংলাদেশের রাজশাহী বিভাগে অবস্থিত একটি প্রাচীন স্থাপনা। এটি মূলত নওগাঁ জেলার বদলগাছী উপজেলার পাহাড়পুর ইউনিয়নে পাহাড়পুর যাদুঘরের পাশে অবস্থিত একটি প্রাচীন বিহার।

Question 28

কৃষকদের থেকে প্রথম রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন কে?

A শাহ সুজা

B মীর জুমলা ✓

কৃষকদের থেকে প্রথম রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন কে?

A শাহ সুজা

B মীর জুমলা ✔

C শায়েস্তা খান

D ইসলাম খান

**Solution:**

- কৃষকদের থেকে প্রথম রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন- মীর জুমলা।
- চকবাজারে 'বড় কাটরা' নির্মাণ করেন- শাহ সুজা।
- 'ধোলাই খাল' খনন করেন- ইসলাম খান।
- 'ছোট কাটরা' ও 'লালবাগ দূর্গ' নির্মাণ করেন- শায়েস্তা খান।

Question 29

মহাসড়ক 'সড়ক-ই-আজম' কার

Question 29

মহাসড়ক 'সড়ক-ই-আজম' কার শাসনামলে নির্মিত হয়?

A সম্রাট জাহাঙ্গীর

B সম্রাট হুমায়ুন

C শের শাহ্ ✔

D সম্রাট শাহ্জাহান

**Solution:**

শের শাহ বাংলাদেশের সোনারগাঁও থেকে লাহোর পর্যন্ত ৪৮৩০ কি.মি দীর্ঘ একটি মহাসড়ক 'সড়ক-ই-আজম' নির্মাণ করেন। পরবর্তীতে ইংরেজগণ এ রাস্তা সংস্কার করে নাম দেয় 'গ্রান্ড ট্রাঙ্ক রোড'।

Question 30

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র মহাস্থানগড়ের ধ্বংসাবশেষ শনাক্ত করেন -

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র মহাস্থানগড়ের ধ্বংসাবশেষ শনাক্ত করেন -

A জন মার্শাল

B হিউয়েন সাং

C আলেকজান্ডার কানিংহাম ✔

D রাখালদাস বন্দ্যোপাধ্যায়

**Solution:**

বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র মহাস্থানগড়। আজ থেকে প্রায় ২৫০০ বছর পূর্বে এটি অত্র অঞ্চলের বিখ্যাত শহর ও বাণিজ্যিক কেন্দ্র হিসেবে পরিচিত ছিল। ১৮৭৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম এ নগর সভ্যতার ধ্বংসাবশেষ শনাক্ত করেন। কুমিল্লার ময়নামতিতে শালবন বিহার অবস্থিত। নওগাঁর পাহাড়পুরে সোমপুর বিহার অবস্থিত।

Question 24

## কোন শাসক দিল্লি থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তর করেন?

A আলাউদ্দিন খিলজি

B গিয়াসউদ্দিন তুঘলক

C মুহাম্মদ বিন তুঘলক ✔

D কুতুবুদ্দিন আইবেক

**Solution:**

ঐতিহাসিক জিয়াউদ্দিন বারানী তার ‘তারিখ-ই-ফিরোজ শাহী’ গ্রন্থে সুলতান মুহম্মদ বিন তুঘলকের ৫টি পরিকল্পনা ও সংস্কারের কথা বিশেষভাবে উল্লেখ করেন। যথা: দোয়াব অঞ্চলে ভূমি রাজস্ব বৃদ্ধি; দিল্লী থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তর; নির্দেশক মুদ্রা প্রবর্তন; খোরাসান অভিযান ও কারাচিল অভিযান।

Question 25